



উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
খোকসা, কুষ্টিয়া  
[www.khoksa.kushtia.gov.bd](http://www.khoksa.kushtia.gov.bd)

নম্বরঃ ০০.০০.৫০৬৩.০০৫.৯৯.০০৩.২৪.২৯

তারিখঃ-----  
০৩ মাঘ, ১৪৩০  
১৬ জানুয়ারি, ২০২৪

**সায়রাত মহাল (জলমহাল) ইজারা বিজ্ঞপ্তি**

সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা, ২০০৯ অনুযায়ী উপজেলা নির্বাহী অফিসারের নিয়ন্ত্রণাধীন ২০.০০ একরের নিম্নে ইজারায়োগ্য জলমহাল ১৪৩১-১৪৩৩ বঙ্গাব্দ ০৩ (তিন) বছর মেয়াদে (১লা বৈশাখ ১৪৩১ হতে ৩০ চৈত্র, ১৪৩৩ বঙ্গাব্দ) সাধারণ আবেদনের মাধ্যমে ইজারা প্রদানের লক্ষ্যে ভূমি মন্ত্রণালয় সায়রাত-১ অধি শাখার ০২ নভেম্বর, ২০২৩ খ্রি. তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯(অংশ-১)-৬৬২ নম্বর স্মারকে জারীকৃত প্রজ্ঞাপন অনুযায়ী নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/সদস্যগণের নিকট হতে নির্ধারিত সময়সূচি, নিয়মাবলি/শর্তাবলি ও চেকলিস্ট অনুসরণপূর্বক অনলাইনে আবেদন আহ্বান করা যাচ্ছে।

**সময়সূচি**


অনলাইনে আবেদন দাখিল	অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি, দরপত্র ক্রয়ের রশিদ ও জামানতের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল
০৯ মাঘ হতে ০৩ ফাল্গুন, ১৪৩০ বঙ্গাব্দ অথবা, ২৩ জানুয়ারি হতে ১৬ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রি.	১৮ ফেব্রুয়ারি, ২০২৪ হতে ২০ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রি. (অফিস চলাকালে)

**১৪৩১-১৪৩৩ বঙ্গাব্দ মেয়াদে ইজারায়োগ্য জলমহালের তফসিল ও ইজারামূল্য**

ক্রমিক নম্বর	উপজেলা	জলমহালের নাম	জলমহালের আয়তন (একরে)	তফসিল			সম্ভাব্য সরকারি মূল্য (প্রতি বছর)
				মোজা	খতিয়ান	দাগ	
১.	খোকসা	শিমুলিয়া জলকর	১০.৯৪	শিমুলিয়া	০১ নং খাস খতিয়ান	১৪৯৮	১০,২০০/-
২.		সাতপাখিলা পুকুর জলমহাল	০.৭৬	সাতপাখিয়া	০১ নং খাস খতিয়ান	১৪১৪	৫,০০০/-
৩.		নক্সাপাড়া হাট সংলগ্ন পুকুর জলমহাল	০.৬২	শিমুলিয়া	০১ নং খাস খতিয়ান	৩৮৮ ও ৩৮৯	৩,০০০/-

**নিয়মাবলী:**

- ১। অনলাইনে আবেদন দাখিল সংক্রান্ত নির্দেশিকা অনুযায়ী নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতির সভাপতি/সম্পাদককে মন্ত্রণালয়ের ওয়েবসাইটে অথবা [jm.lams.gov.bd](http://jm.lams.gov.bd) লিংকে রেজিস্ট্রেশন সম্পন্ন করে অনলাইনে আবেদন দাখিল করতে হবে। এ সংক্রান্ত নির্দেশিকা উক্ত ওয়েবসাইটে আপলোড করা আছে।
- ২। যে সকল জলমহালের উপর উর্ধ্বতন কর্তৃপক্ষের/মন্ত্রণালয়ের স্থগিতাদেশ/সিদ্ধান্তের অপেক্ষায় অথবা কোন আদালতের স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থায় আদেশ রয়েছে সে সকল জলমহালের উপর বর্ণিত আদেশ প্রত্যাহারের পর কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে। এছাড়া পরবর্তীতে কোন জলমহালের উপর অনুরূপ আদেশ হলেও সংশ্লিষ্ট জলমহালের ইজারা কার্যক্রম স্থগিত থাকবে।
- ৩। জলমহালের ইজারা সংক্রান্ত বিজ্ঞপ্তিটি [www.khoksa.kushtia.gov.bd](http://www.khoksa.kushtia.gov.bd) ওয়েবসাইটেও পাওয়া যাবে।
- ৪। জলমহালের আবেদন দাখিলের সকল শর্তাদি জেলা ওয়েবপোর্টাল ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের নোটিশ বোর্ড হতে জানা যাবে।
- ৫। অনলাইনে আবেদন দাখিলের শেষ সময় সীমার পরবর্তী ০৩ (তিন) কার্য দিবসের মধ্যে আবেদনের সকল তথ্যাদির প্রিন্টেড কপিসহ জলমহাল ইজারার জন্য জামানতের ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মূলকপি সীলগালা করে মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল করতে হবে। সীলগালাকৃত উল্লিখিত খামের উপরিভাগে ‘জলমহাল ইজারা প্রাপ্তির জন্য আবেদন’ কথাগুলো স্পষ্টভাবে লিখতে হবে এবং খামের বাম পাশে নিম্নভাগে সমিতির নাম ও ঠিকানা লিখিত থাকতে হবে।
- ৬। অনলাইনে দাখিলকৃত তথ্যাদি এবং প্রিন্টেড কপি হিসেবে দাখিলকৃত তথ্যাদির মধ্যে তারতম্য পরিলক্ষিত হলে অনলাইনের তথ্যাদি সঠিক মর্মে বিবেচিত হবে।
- ৭। নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে চূড়ান্তভাবে আবেদন দাখিল না করে সরাসরি জেলা প্রশাসকের কার্যালয়ে কোন আবেদনকারী সমিতি জলমহাল ইজারা পাওয়ার জন্য ম্যানুয়ালী আবেদন দাখিল করলে তা বাতিল বলে গণ্য হবে।
- ৮। কর্তৃপক্ষ কোন রূপ কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র বিজ্ঞপ্তির কোন অংশ বা সম্পূর্ণ দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

  
ইব্রুফা সুলতানা

উপজেলা নির্বাহী অফিসার  
খোকসা, কুষ্টিয়া  
ফোনঃ ০২-৪৭৭৭৮৫৩০১।